



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
web-site : www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/ ১৩২৭

তারিখ : ২০/১/১৭

বিষয় : অস্থায়ী স্বীকৃতি প্রদান

সূত্র : ২৩-১০-২০১৬ তারিখের মঞ্জুরী কমিটির সভার সিদ্ধান্ত

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপর্যুক্ত বিষয় ও সূত্রে আপনাকে জানান যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্ত/শর্তসমূহ পূরণ সাপেক্ষে ০১-০১-২০১৭ খ্রিঃ তারিখ হতে ৩১-১২-২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২ (দুই) বছরের জন্য আপনার বিদ্যালয়টি মাধ্যমিক বিদ্যালয় হিসেবে অস্থায়ী স্বীকৃতি প্রদান করা হ'ল। প্রকাশ থাকে যে, নিম্নে আরোপিত শর্ত/শর্তসমূহ পূরণ পূর্বক অস্থায়ী স্বীকৃতির মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেলে বিধিমোতাবেক পরবর্তী অস্থায়ী স্বীকৃতির বিষয় বিবেচিত হবে।

আরোপিত শর্তসমূহ :


- ১। অস্থায়ী স্বীকৃতির পত্র ইস্যুর তারিখ হতে আগামী ৯০ (নব্বই) দিনের মধ্যে বিধি মোতাবেক ম্যানেজিং কমিটি গঠন করে অনুমোদনের জন্য ২০০০/- ফিসসহ অত্র বোর্ডে দাখিল করতে হবে। যে সকল বিদ্যালয়ে অনুমোদিত ম্যানেজিং কমিটি আছে তাদের ক্ষেত্রে শর্তটি প্রযোজ্য হবে না
- ২। প্রতিষ্ঠানের নিজস্ব কম্পিউটার ল্যাব/ কম্পিউটার সচল থাকতে হবে এবং যাবতীয় কার্যক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করতে হবে
- ৩। পাবলিক পরীক্ষার ফলাফলের মান আরও উন্নীত করতে হবে
- ৪। বিদ্যালয়ে পাঁচ সদস্যের আভ্যন্তরীণ অডিট কমিটি গঠন পূর্বক প্রতি ছয় মাস অন্তর আয়-ব্যয়ের হিসাব অডিট পূর্বক পরবর্তী স্বীকৃতি নবায়নের সঙ্গে সমুদয় অডিট রিপোর্ট দাখিল করতে হবে। অন্যথায় পরবর্তীতে স্বীকৃতি নবায়ন করা হবেনা। বোর্ড কর্তৃপক্ষ যে কোন সময় উক্ত অডিট রিপোর্ট তলব করবে
- ৫। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে
- ৬। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
- ৭। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোন ক্রমেই উত্তোলন করা যাবেনা
- ৮। জাতীয় দিবসসমূহ উদ্‌যাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
- ৯। বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের লেখাপড়ার মান উন্নয়ন করতে হবে
- ১০। কন্ট্রিবিউটরি প্রভিডেন্ড ফাণ্ডে শিক্ষক-কর্মচারীবৃন্দের বিধিমোতাবেক যে পরিমাণ চাঁদা কর্তন করবেন স্কল কর্তৃপক্ষ সমপরিমাণ অর্থ সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারীর তহবিলে জমা করবেন

প্রধান শিক্ষক

আল হেলাল মাধ্যমিক ইসলামী একাডেমী

ডাকঘর: চুয়াডাঙ্গা, উপজেলা: চুয়াডাঙ্গা সদর

জেলা : চুয়াডাঙ্গা

  
২০/১/১৭  
(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর


ফোন : ০৪২১- ৬৮৬৩৪

স্মারক নং-বিঅ-৬/ ১৩২৭(১-২০)

জ্ঞাতার্থে অনুলিপি প্রেরিত হল:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড, পলাশী নীলক্ষেত, ঢাকা-১২০৫
- ৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল
- ৫। জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা
- ৬। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা
- ৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা
- ৮। মাধ্যমিক নিবন্ধন বিভাগ, অত্র বোর্ড
- ৯। মাধ্যমিক পরীক্ষা বিভাগ, অত্র বোর্ড
- ১০। সংরক্ষণ নথি

তারিখ : ২০/১/১৭

  
২০/১/১৭  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর